৩৭

দৈনিক ইত্তেফাক

তারিখ 15 JUN 1995
পৃষ্ঠা ৬ কলাম ৫

বাউফলে প্রাথমিক শিক্ষায় অনিয়ম

# শিক্ষাবর্ষের ছয় মাস ক্লাস হয় নাই

বাউফল সংবাদদাতা ।। শিক্ষা বর্ষের ৬ মাস অতিবাহিত হইয়া যাইতেছে। কিন্তু এখানকার প্রাথমিক বিদ্যালয়গুলিতে ক্লাশ হয় নাই। অভিভাবকেরা তাহাদের ছেলেমেয়েদের লেখাপড়া নিয়া হতাশাগ্রস্ত হইয়া পড়িয়াছেন। বাউফল থানার বিভিন্ন এলাকায় বছরের প্রথম জানুয়ারী মাস গিয়াছে নূতন বই-পত্র সংগ্রহ ও খেলাধুলায়, ফেব্রুয়ারী মাস ছিল রমজানের ছুটি, মার্চ, এপ্রিল মাসে শিক্ষকেরা ব্যস্ত ছিলেন শিশু জরিপ শিক্ষার বিনিময়ে খাতা-পত্র তৈরী করিতে এবং মে-জুন কোরবানীর ছুটি ও ভোটার তথ্য সংগ্রহ করিতে বর্ষাকাল আসিয়া পড়িয়াছে। গ্রাম-গঞ্জে অধিকাংশ স্কুল ভবন জরাজীর্ণ ও আসবাবপত্রের অভাবে বর্ষাকালে ক্লাশ নেওয়া সম্ভব হয় না। এই অবস্থায় অভিভাবকেরা তাহাদের শিশুদের লেখাপড়া নিয়া দুশ্চিন্তাগ্রস্ত হইয়া পড়িয়াছেন।

এইদিকে সরকার ২ হাজার সাল নাগাদ সবার জন্য শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে যে সমস্ত বিদ্যালয়ে শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচী চালু করিয়াছে সেই সমস্ত স্কুল হইতে শিশুদের তালিকা তৈরী ও গম বিতরণের ক্ষেত্রেও

(৪র্থ পৃঃ দ্রঃ)

## শিক্ষাবর্ষের ছয়মাস

(৩য় পৃঃ পর)

ব্যাপক অনিয়ম ও অব্যবস্থার অভিযোগ উঠিয়াছে। তালিকা তৈরীর ক্ষেত্রে স্কুল কমিটি ও শিক্ষকদের মধ্যে মতানৈক্য হইতেছে। শিক্ষকেরা যে তালিকা তৈরী করিয়াছেন, স্কুল কমিটি ঐ তালিকায় গম দিতে নারাজ। মতানৈক্যের কারণে বাউফল থানার নাজিরপুর ইউনিয়নে ২টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ঐ কর্মসূচীর গম উত্তোলন করা হয় নাই। যে সমস্ত স্কুল ঐ কর্মসূচীর আওতায় রহিয়াছে ঐ সমস্ত স্কুলের শিক্ষকেরা গমের তালিকা তৈরী ও গম বিতরণে ব্যস্ত থাকায় তাহারা ক্লাস নিতে পারেন না। অথচ সরকারী নির্দেশ রহিয়াছে গম বিতরণের কাজে শিক্ষকেরা জড়িত থাকিতে পারিবেনা। স্বচ্ছল পরিবারের সন্তানদের গম দেওয়ার অভিযোগ রহিয়াছে। এমনও দেখা যাইতেছে স্কুল হইতে গম নিতেছে এবং স্কুলে অনুপস্থিত থাকিয়া শিশু বাহিরে শ্রম বিক্রয় করিতেছে। প্রথমদিকে ভর্তি হয় নাই, গমের লোভে পরে ভর্তি হইয়া শুধু গম বিতরণের দিন উপস্থিত থাকে। এদিকে ১৫ কেজির পরিবর্তে ১৩ কেজি ১৪ কেজি গম দেওয়ার অভিযোগ রহিয়াছে। এই ব্যাপারে কমিটির লোকজন জানায়, খাদ্যগুদাম হইতে গম কম দেওয়া হয়। তাই তাহারা ও কম দেয়।